২। বক্রতল (Curved surface) : কোনো তলের ওপর অবস্থিত যেকোনো দুইটি বিন্দুর সংযোজক সরলরেখা সম্পূর্ণরূপে ঐ তলের ওপর অবস্থিত না হলে, ঐ তলকে বক্রতল বলা হয়। গোলকের পৃষ্ঠতল একটি বক্রতল।

৩। ঘন জ্যামিতি (Solid geometry) : গণিত শাস্ত্রের যে শাখার সাহায্যে ঘনবস্তু এবং তল, রেখা ও বিন্দুর ধর্ম জানা যায়, তাকে ঘন জ্যামিতি বলা হয়। কখনও কখনও একে জাগতিক জ্যামিতি (Geometry of space) বা ত্রিমাত্রিক জ্যামিতিও (Geometry of three dimensions) বলা হয়।

৪। একতলীয় রেখা (Coplanar straight lines) : একাধিক সরলরেখা একই সমতলে অবস্থিত হলে, বা তাদের সকলের মধ্য দিয়ে একটি সমতল অঙ্কন করা সম্ভব হলে ঐ সরলরেখাগুলোকে একতলীয় বলা হয়।

৫। নৈকতলীয় রেখা (Skew or non coplanar lines) : একাধিক সরলরেখা একই সমতলে অবস্থিত না হলে বা তাদের মধ্য দিয়ে একটি সমতল অঙ্কন করা সম্ভব না হলে এ সরলরেখাগুলোকে নৈকতলীয় বলা হয়। দুইটি পেন্সিলকে একটির ওপর আর একটি দিয়ে যোগ বা গুণচিহ্ন আকৃতির একটি বস্তু উৎপন্ন করলেই দুইটি নৈকতলীয় সরলরেখা উৎপন্ন হবে।

৬। সমান্তরাল সরলরেখা (Parallel line) : দুইটি একতলীয় সরলরেখা যদি পরস্পর ছেদ না করে অর্থাৎ যদি তাদের কোনো সাধারণ বিন্দু না থাকে, তবে তাদের সমান্তরাল সরলরেখা বলা হয়।




৭। সমান্তরাল তল (Parallel planes) : দুইটি সমতল যদি পরস্পর ছেদ না করে অর্থাৎ যদি তাদের কোনো সাধারণ রেখা না থাকে, তবে ঐ তলদ্বয়কে সমান্তরাল তল বলা হয়।

৮। সমতলের সমান্তরাল রেখা : একটি সরলরেখা ও একটি সমতলকে অনির্দিষ্টভাবে বর্ধিত করলেও যদি তারা পরস্পর ছেদ না করে, তবে ঐ সরলরেখাকে উক্ত তলের সমান্তরাল রেখা বলা হয়।

দ্রষ্টব্য : সাধারণ ত্রিমাত্রিক বস্তুর ছবি দ্বিমাত্রিক কাগজ বা বোর্ডে অঙ্কন কিছুটা জটিল। তাই শ্রেণীকক্ষে পাঠদানকালে প্রত্যেকটি সংজ্ঞার ব্যাখ্যার সঙ্গে তার একটি চিত্র অঙ্কন করে দেখিয়ে দিলে বিষয়টি শিক্ষার্থীদের পক্ষে বোঝা ও মনে রাখা সহজতর হবে।


৯। তলের লম্ব রেখা (Normal or perpendicular to a plane) : কোনো সরলরেখা একটি সমতলের উপরস্থ কোনো বিন্দু থেকে ঐ সমতলের ওপর অঙ্কিত যেকোনো রেখার উপর লম্ব হলে, উক্ত সরলরেখাকে ঐ সমতলের উপর লম্ব বলা হয়।



১০। তির্যক (Oblique) রেখা : কোনো সরলরেখা একটি সমতলের সাথে সমান্তরাল বা লম্ব না হলে, ঐ রেখাকে সমতলের তির্যক রেখা বলা হয়।

১১। উল্লম্ব (Vertical) রেখা বা তল : স্থির অবস্থায় ঝুলন্ত ওলনের সুতার সঙ্গে সমান্তরাল কোন রেখা বা তলকে খাড়া বা উল্লম্ব তল বলে।


১২। **অনুভূমিক** (Horizontal) তল ও রেখা : কোনো সমতল একটি খাড়া সরলরেখার সাথে লম্ব হলে, তাকে শয়ান বা অনুভূমিক তল বলা হয়। আবার কোনো অনুভূমিক তলে অবস্থিত যেকোনো সরলরেখাকে অনুভূমিক সরলরেখা বলা হয়।



১৩। সমতল ও নৈকতলীয় চতুর্ভুজ : কোনো চতুর্ভুজের বাহুগুলো সকলে একই তলে অবস্থিত হলে, তাকে সমতল চতুর্ভুজ বলা হয়। আবার কোনো চতুর্ভুজের বাহুগুলো সকলে একই তলে অবস্থিত না হলে, ঐ চতুর্ভুজকে নৈকতলীয় চতুর্ভুজ বলা হয়। নৈকতলীয় চতুর্ভুজের দুইটি সন্নিহিত বাহু একতলে এবং অপর দুইটি অন্য তলে অবস্থিত। সুতরাং কোনো নৈকতলীয় চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় নৈকতলীয়।


১৪। নৈকতলীয় রেখার অন্তর্গত কোণ : দুইটি নৈকতলীয় রেখার অন্তর্গত কোণ তাদের যেকোনো একটি ও তার উপরস্থ কোনো বিন্দু থেকে অঙ্কিত অপরটির সমান্তরাল রেখার অন্তর্গত কোণের সমান। আবার দুইটি নৈকতলীয় রেখার প্রত্যেকের সমান্তরাল দুইটি রেখা কোনো বিন্দুতে অঙ্কন করলে ঐ বিন্দুতে উৎপন্ন কোণের পরিমাণ ও নৈকতলীয় রেখাদ্বয়ের অন্তর্গত কোণের সমান।

মনে করি, AB ও CD দুইটি নৈকতলীয় রেখা। যেকোনো O বিন্দুতে AB ও CD এর সমান্তরাল যথাক্রমে OP এবং OQ রেখাদ্বয় অঙ্কন করলে $\angle POQ$–ই AB ও CD এর অন্তর্গত কোণ নির্দেশ করবে।





১৫। দ্বিতল কোণ (Dihedral angle) : দুইটি সমতল এক সরলরেখায় ছেদ করলে তাদের ছেদ রেখাস্থ যেকোনো বিন্দু থেকে ঐ সমতলদ্বয়ের প্রত্যেকের উপর ঐ ছেদ রেখার সাথে লম্ব এরূপ একটি করে রেখা অঙ্কন করলে উৎপন্ন কোণই ঐ সমতলদ্বয়ের অন্তর্গত দ্বিতল কোণ।

AB ও CD সমতলদ্বয় AC রেখায় পরস্পর ছেদ করেছে। AC রেখাস্থ O বিন্দুতে AB সমতলে OM এবং CD সমতলে ON এরূপ দুইটি সরলরেখা অঙ্কন করা হল যেন তারা উভয়ই AC এর সঙ্গে O বিন্দুতে লম্ব হয়। তাহলে $\angle MON$–ই AB ও CD সমতলদ্বয়ের অন্তর্গত দ্বিতল কোণ সূচিত করে। দুইটি পরস্পরছেদী সমতলের অন্তর্গত দ্বিতল কোণের পরিমাণ এক সমকোণ হলে, ঐ সমতলদ্বয় পরস্পর লম্ব।



১৬। অভিক্ষেপ : কোনো বিন্দু থেকে একটি নির্দিষ্ট সরলরেখার উপর বা কোনো সমতলের উপর অঙ্কিত লম্বরেখার পাদবিন্দুকে ঐ রেখা বা সমতলের উপর উক্ত বিন্দুর পাতন বা অভিক্ষেপ (Projection) বলা হয়। কোনো সরলরেখা বা বক্ররেখার সকল বিন্দু থেকে কোনো নির্দিষ্ট সমতলের উপর অঙ্কিত লম্বগুলোর পাদবিন্দুসমূহের সেটকে ঐ সমতলের উপর উক্ত সরলরেখা বা বক্ররেখার অভিক্ষেপ বলা হয়। এই অভিক্ষেপকে লম্ব অভিক্ষেপও (Orthogonal Projection) বলা হয়।





চিত্রে XY সমতলের উপর একটি বক্ররেখা ও একটি সরলরেখার অভিক্ষেপ দেখানো হয়েছে।

৭.৩। দুইটি সরলরেখার মধ্যে সম্পর্ক

(ক) দুইটি সরলরেখা একতলীয় হতে পারে, সেক্ষেত্রে তারা অবশ্যই সমান্তরাল হবে বা কোনো এক বিন্দুতে পরস্পর ছেদ করবে।

(খ) দুইটি সরলরেখা নৈকতলীয় হতে পারে, সেক্ষেত্রে তারা সমান্তরালও হবে না কিংবা কোনো বিন্দুতে ছেদও করবে না।

৭.৪। স্বতঃসিদ্ধ

(ক) কোনো সমতলের উপরস্থ দুইটি বিন্দুর সংযোজক সরলরেখাকে অনির্দিষ্টভাবে বর্ধিত করলেও তা সম্পূর্ণভাবে ঐ সমতলে অবস্থিত থাকবে। সুতরাং একটি সরলরেখা ও একটি সমতলের মধ্যে দুইটি সাধারণ বিন্দু থাকলে, ঐ সরলরেখা বরাবর তাদের মধ্যে অসংখ্য সাধারণ বিন্দু থাকবে।

(খ) দুইটি নির্দিষ্ট বিন্দু বা একটি সরলরেখার মধ্য দিয়ে অসংখ্য সমতল অঙ্কন করা যায়।

৭.৫। সরলরেখা ও সমতলের মধ্যে সম্পর্ক

(ক) একটি সরলরেখা একটি সমতলের সঙ্গে সমান্তরাল হলে তাদের মধ্যে কোনো সাধারণ বিন্দু থাকবে না।

(খ) একটি সরলরেখা কোনো সমতলকে ছেদ করলে তাদের মধ্যে মাত্র একটি সাধারণ বিন্দু থাকবে।

(গ) যদি কোনো সরলরেখা ও সমতলের দুইটি সাধারণ বিন্দু থাকে, তাহলে সরলরেখাটি সম্পূর্ণ ঐ সমতলে অবস্থিত হবে।

৭.৬। দুইটি সমতলের মধ্যে সম্পর্ক


(ক) দুইটি সমতল পরস্পর সমান্তরাল হলে তাদের মধ্যে কোনো সাধারণ বিন্দু থাকবে না।

(খ) দুইটি সমতল পরস্পরছেদী হলে তারা একটি সরলরেখায় ছেদ করবে এবং তাদের অসংখ্য সাধারণ বিন্দু থাকবে।

৭.৭। সমতল ও সরলরেখা সংক্রান্ত কতিপয় প্রয়োজনীয় প্রতিজ্ঞা


ঘন জ্যামিতির উচ্চতর বিষয় অধ্যয়নে কতকগুলো উপপাদ্যের বিষয়বস্তু জানা প্রয়োজন। এই উপপাদ্যগুলোর প্রমাণ বর্তমান আলোচনার অন্তর্ভুক্ত নয়। তাই প্রমাণ ব্যতীত ঐ সকল উপপাদ্যের সাধারণ সূত্রগুলোর চিত্রসহ বর্ণনা ও সংক্ষিপ্ত ব্যাখ্যা নিম্নে প্রদত্ত হল।

(১) দুইটি পরস্পরছেদী সরলরেখার মধ্য দিয়ে একটি এবং কেবলমাত্র একটি সমতল অঙ্কন করা যায়।




AB এবং CD দুইটি সরলরেখা পরস্পর O বিন্দুতে ছেদ করেছে। তাদের মধ্য দিয়ে একটি এবং কেবলমাত্র একটি সমতল অঙ্কন করা যাবে। একে AB ও CD রেখাদ্বয়ের ধারক সমতল বলা হয়।

(২) দুইটি পরস্পরছেদী সমতল একটি সরলরেখায় ছেদ করে এবং এর বাইরে কোনো বিন্দুতে ছেদ করে না।




PQ এবং RS দুইটি পরস্পরছেদী সমতল। তারা AB সরলরেখায় ছেদ করেছে এবং AB সরলরেখার বাইরে কোনো বিন্দুতে ছেদ করবে না।

(৩) দুইটি পরস্পরছেদী সরলরেখার ছেদবিন্দুতে কোনো সরলরেখা তাদের প্রত্যেকের উপর লম্ব হলে ঐ রেখাটি উক্ত রেখাদ্বয়ের ধারক সমতলের উপরও লম্ব হবে।




XY সমতলে AB ও CD দুইটি পরস্পরছেদী সরলরেখা O বিন্দুতে ছেদ করেছে। OP সরলরেখাটি উক্ত রেখাদ্বয়ের ছেদবিন্দুতে তাদের প্রত্যেকের সঙ্গে লম্ব হলে OP সরলরেখা XY সমতলের উপরও লম্ব হবে।

(৪) একটি নির্দিষ্ট সরলরেখার একটি নির্দিষ্ট বিন্দুতে অঙ্কিত লম্বগুলো একতলীয়।




OA, OB, OC সরলরেখাত্রয় প্রত্যেকেই PO সরলরেখার O বিন্দুতে PO এর উপর লম্ব হলে তারা সকলেই একই XY সমতলে অবস্থিত থাকবে।

(৫) দুইটি সমান্তরাল সরলরেখার একটি কোনো সমতলের উপর লম্ব হলে অপরটিও ঐ সমতলের উপর লম্ব হবে। বিপরীতক্রমে, দুইটি সরলরেখা উভয়ে একই সমতলের উপর লম্ব হলে, তারা সমান্তরাল হবে।




AB ও CD দুইটি সমান্তরাল সরলরেখা। AB সরলরেখাটি কোনো XY সমতলের উপর লম্ব হলে, CD ও ঐ তলের উপর লম্ব হবে। বিপরীতক্রমে, AB ও CD সরলরেখাদ্বয় উভয়ে একই XY সমতলের উপর লম্ব হলে, তারা সমান্তরাল হবে।

(৬) কোনো সরলরেখা একটি নির্দিষ্ট সমতলের উপর লম্ব হলে ঐ লম্বের ভিতর দিয়ে অঙ্কিত যেকোনো সমতল ঐ নির্দিষ্ট সমতলের উপর লম্ব হবে।




AB সরলরেখাটি XY সমতলের উপর লম্ব হলে AB এর ভিতর দিয়ে অঙ্কিত যেকোনো PQ সমতল XY সমতলের উপর লম্ব হবে।

৭) দুইটি পরস্পরছেদী সমতল কোনো তৃতীয় সমতলের উপর লম্ব হলে তাদের ছেদরেখাও ঐ সমতলের উপর লম্ব হবে।




CB ও DB সমতলদ্বয় AB রেখায় ছেদ করে। ঐ সমতলদ্বয় প্রত্যেকে XY সমতলের উপর লম্ব হলে তাদের ছেদরেখা AB ও XY সমতলের উপর লম্ব হবে।

(৮) কোনো সমতলের বহিঃস্থ কোনো বিন্দু থেকে ঐ সমতলের উপর অঙ্কিত সকল সরলরেখার মধ্যে লম্বটির দৈর্ঘ্যই ক্ষুদ্রতর হবে।




XY সমতলের বহিঃস্থ P বিন্দু থেকে ঐ তলের উপর অঙ্কিত লম্ব PO ঐ সমতলকে O বিন্দুতে ছেদ করে আবার P বিন্দু থেকে যেকোনো PA, PB তির্যক রেখাদ্বয় সমতলকে A ও B বিন্দুতে ছেদ করলে, PO এর দৈর্ঘ্য PA বা PB এর দৈর্ঘ্য অপেক্ষা ক্ষুদ্রতর হবে। তির্যক আরো অনেক রেখাংশ P থেকে টেনে সমতলের বিভিন্ন বিন্দু, উহারা O এর যতই নিকটবর্তী হোক না কেন, যুক্ত করে প্রমাণ করা সম্ভব যেকোনো রেখাই OP এর চেয়ে ছোট হতে পারবে না। তাই, OP-ই ক্ষুদ্রতম।

(৯) কোনো সমতলের বহিঃস্থ কোনো নির্দিষ্ট বিন্দু থেকে ঐ সমতলের উপর অঙ্কিত তির্যক রেখাগুলোর মধ্যে যেগুলো ঐ বিন্দু থেকে অঙ্কিত লম্বের পাদবিন্দু থেকে সমান দূরত্বে ছেদ করে তারা পরস্পর সমান।



XY সমতলের বহিঃস্থ P বিন্দু থেকে ঐ সমতলের উপর অঙ্কিত লম্বের পাদবিন্দু O এবং একই P বিন্দু থেকে অঙ্কিত তির্যকরেখাদ্বয় PA এবং PB। যদি OA এবং OB সমান হয় তবে PA ও PB সমান হবে।

(১০) কোনো নির্দিষ্ট সমতলের উপর একটি সরলরেখার অভিক্ষেপও একটি সরলরেখা।



AB সরলরেখার A, C, B বিন্দু থেকে XY সমতলের উপর Aa, Bb, Cc লম্বত্রয় অঙ্কন করা হয়েছে। তাহলে a, c, b, বিন্দুত্রয় সমরেখ হবে। অর্থাৎ XY সমতলের উপর ACB সরলরেখার অভিক্ষেপ abc-ও একটি সরলরেখা হবে।

অনুশীলনী-৭.১

১। জাগতিক কোনো বিন্দুর মধ্য দিয়ে কতগুলো (ক) সরলরেখা (খ) সমতল অঙ্কন করা যায়?

২। জাগতিক কোনো সরলরেখার মধ্য দিয়ে কতগুলো সমতল অঙ্কন করা যায়?

৩। কোনো নির্দিষ্ট সরলরেখার সাথে সমান্তরাল কতগুলো (ক) সরলরেখা (খ) সমতল অঙ্কন করা যায়?

৪। কোনো নির্দিষ্ট সরলরেখার উপর লম্ব কতগুলো (ক) সরলরেখা (খ) সমতল অঙ্কন করা যায়?

৫। কোনো নির্দিষ্ট তলের সাথে (ক) সমান্তরাল (খ) লম্ব কতগুলো (১) সরলরেখা (২) সমতল অঙ্কন করা যায়?

৬। একটি সরলরেখা একটি সমতলের সাথে কখন (ক) সমান্তরাল (খ) লম্ব হবে?

৭। একটি নির্দিষ্ট বিন্দুর মধ্য দিয়ে এবং একটি নির্দিষ্ট (ক) সরলরেখার সমান্তরাল এবং একটি নির্দিষ্ট সমতলের (খ) সমান্তরাল (গ) উপর লম্ব কতগুলো সরলরেখা অঙ্কন করা যায়?

৮। দুইটি নির্দিষ্ট নৈকতলীয় রেখাকে ছেদ করে এরূপ কতগুলো সরলরেখা অঙ্কন করা যায়?


ঘনবস্তুর পরিমিতি


৭.৮ । ঘনবস্তু


আমরা জানি, একখানা বই বা একখানা ইট বা একটি বাক্স বা একটি গোলাকার বল সবই ঘনবস্তু এবং তারা প্রত্যেকেই কিছু পরিমাণ স্থান (Space) দখল করে থাকে।
সমতল অথবা বক্রতল দ্বারা বেষ্টিত শূন্যের কিছুটা স্থান দখল করে থাকে এরূপ বস্তুকে ঘনবস্তু (Solid) বলা হয়। সমতলস্থ কোনো স্থানকে বেষ্টন করতে হলে যেমন, অন্তত তিনটি সরলরেখা দরকার তেমনি জাগতিক কোনো স্থানকে বেষ্টন করতে হলে অন্তত চারটি সমতল দরকার। এই তলগুলো ঘনবস্তুর তল বা পৃষ্ঠতল (Surface) এবং এদের দুইটি সমতল যে রেখায় ছেদ করে, তাকে ঐ ঘনবস্তুর ধার (edge) বলা হয়।
একটি বাক্সের বা একখান ইটের ছয়টি পৃষ্ঠতল আছে এবং বারটি ধার আছে। একটি ক্রিকেট বল একটি বক্রতল দ্বারা আবদ্ধ।

৭.৯ । সুষম ঘনবস্তুর আয়তন ও তলের ক্ষেত্রফল

১। আয়তিক ঘন বা আয়তাকার ঘনবস্তু (Rectangular Parallelopiped)








তিনজোড়া সমান্তরাল সমতল দ্বারা আবদ্ধ ঘনবস্তুকে সামান্তরিক ঘনবস্তু বলা হয়। এই ছয়টি সমতলের প্রত্যেকটি একটি সামান্তরিক এবং বিপরীত পৃষ্ঠগুলো সর্বতোভাবে সমান। সামান্তরিক ঘনবস্তুর তিনটি দলে বিভক্ত বারটি ধার আছে।

যে সামান্তরিক ঘনবস্তুর পৃষ্ঠতলগুলো আয়তক্ষেত্র, তাকে আয়তাকার ঘনবস্তু বলা হয়। যে আয়তাকার ঘনবস্তুর পৃষ্ঠতলগুলো বর্গক্ষেত্র, তাকে ঘনক (cube) বলা হয়। উপরোক্ত চিত্রে আয়তাকার ঘনবস্তুর এবং ঘনকের পৃষ্ঠগুলো $ABCD$, $A'B'C'D'$, $BCC'B'$, $ADD'A'$, $ABB'A'$, $DCC'D'$ এবং ধারগুলো AB, CD, $A'B'$, $C'D'$, BC, $B'C'$, AD, $A'D'$, AA', BB', CC', DD' এবং একটি কর্ণ BD'.
মনে করি, আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে $AB = a$ একক, $AD = b$ একক এবং $AA' = c$ একক।

(ক) আয়তাকার ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল (Area of the whole surface)
= ছয়টি পৃষ্ঠের ক্ষেত্রফলের সমষ্টি
= 2($ABCD$, $ABB'A'$ ও $ADD'A'$ পৃষ্ঠসমূহের ক্ষেত্রফলের সমষ্টি)
$= 2(ab + ac + bc)$ বর্গএকক
$= 2(ab + bc + ca)$ বর্গএকক
(খ) আয়তন (Volume) $= AB' \times AD' \times AA'$ ঘনএকক $= abc$ ঘনএকক

(গ) কর্ণ $BD' = \sqrt{BD^2 + DD'^2} = \sqrt{AB^2 + AD^2 + DD'^2} = \sqrt{a^2 + b^2 + c^2}$ একক



২। ঘনকের ক্ষেত্রে, $a = b = c$

$\therefore$ (ক) সমগ্রতলের ক্ষেত্রফল $2(a^2 + a^2 + a^2) = 6a^2$ বর্গএকক

(খ) আয়তন $= a^3$ ঘনএকক

(গ) কর্ণ $= \sqrt{a^2 + a^2 + a^2} = a\sqrt{3}$ একক।

উদাহরণ ১। একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অনুপাত 4 ঃ 3 ঃ 2 এবং তার সমগ্রতলের ক্ষেত্রফল 468 বর্গমিটার হলে, তার কর্ণ ও আয়তন নির্ণয় কর।

সমাধান : মনে করি, দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে $4x, 3x, 2x$ মিটার।

তাহলে, $2(4x.3x + 3x.2x + 2x.4x) = 468$

বা, $52x^2 = 468$ বা, $x^2 = 9 \quad \therefore x = 3$


$\therefore$ ঘনবস্তুর দৈর্ঘ্য 12 মি., প্রস্থ 9 মি., এবং উচ্চতা 6 মি.

$\therefore$ কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{12^2 + 9^2 + 6^2} = \sqrt{144 + 81 + 36} = \sqrt{261}$ মিটার 16.16 মি. (প্রায়) এবং আয়তন $= 12 \times 9 \times 6 = 648$ ঘনমিটার।

৩। সমবৃত্তভূমিক সিলিন্ডার (Right Circular Cylinder)

কোনো আয়তক্ষেত্রের একটি বাহুকে A ধরে ঐ বাহুর চতুর্দিকে আয়তক্ষেত্রটিকে পূর্ণ একপাক ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয়, তাকে সমবৃত্তভূমিক সিলিন্ডার বা বেলন বলা হয়।

পাশের চিত্রে, ABCD সিলিন্ডারের অক্ষ AB, উচ্চতা বা দৈর্ঘ্য DC এবং বৃত্তকার ভূমির কেন্দ্র A এবং ব্যাসার্ধ AD.



সমবৃত্তভূমিক সিলিন্ডারের ভূমির ব্যাসার্ধ r এবং উচ্চতা h হলে,

(ক) বক্রতলের ক্ষেত্রফল = ভূমির পরিধি $\times$ উচ্চতা $= 2\pi rh$ বর্গ একক।

(খ) সমগ্রতলের ক্ষেত্রফল = বক্রতল ও প্রান্ততলদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টি, $= 2\pi rh + 2\pi r^2$ বর্গএকক
$= 2\pi r(r + h)$ বর্গএকক।

(গ) আয়তন = ভূমির ক্ষেত্রফল $\times$ উচ্চতা $= \pi r^2 h$ ঘনএকক।

উদাহরণ ২। একটি সমবৃত্তভূমিক আবদ্ধ সিলিন্ডারের ভূমির ব্যাস 7 মিটার এবং বক্রতলের ক্ষেত্র 220 বর্গমিটার হলে, ঐ সিলিন্ডারের উচ্চতা, সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর।

সমাধান : সিলিন্ডারের ভূমির ব্যাসার্ধ $= \frac{7}{2}$ মিটার = 3.5 মিটার

মনে করি, উচ্চতা = h মিটার

তাহলে বক্রতলের ক্ষেত্রফল $= 2\pi rh = 220$ বা, $2 \times \pi \times 3.5 \times h = 220$

বা, $h = \frac{220}{\pi \times 3.5 \times 2} = 10.0040$ মি.

$\therefore$ উচ্চতা = 10 মিটার (আসন্ন মান)

ভূমির ক্ষেত্রফল $\pi r^2 = \pi \times \left(\frac{7}{2}\right)^2 = 34.4846$ ব. মি. (প্রায়) $\{\pi = 3.1416$ ধরে$\}$


$\therefore$ সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফল $= 220 + 2 \times 34.4846 = 288.9692$ বর্গমিটার (প্রায়)।


আয়তন $= \pi r^2 h = \pi \times \left(\frac{7}{2}\right)^2 \times 10 = 384.8451$. ঘনমিটার (প্রায়)।

$\therefore$ সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফল = 288.969 বর্গমিটার (প্রায়), আয়তন = 384.845 ঘনমিটার (প্রায়)।

৪। সমবৃত্তভূমিক কোণক (Right circular cone)

কোনো সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন একটি বাহুকে A ধরে ঐ বাহুর চতুর্দিকে ত্রিভুজটিকে একবার ঘুরিয়ে আনলে যে ঘনবস্তু উৎপন্ন হয়, তাকে সমবৃত্তভূমিক কোণক বলা হয়।






চিত্রে, OAC সমকোণী ত্রিভুজকে OA এর চতুর্দিকে ঘোরানোর ফলে ABC সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হয়েছে। θ কে অর্ধশীর্ষকোণ (Semi vertical angle) বলা হয়।

কোণকের উচ্চতা OA (= h), ভূমির ব্যাসার্ধ OC (= r) এবং হেলানো উচ্চতা AC (= l) হলে

(ক) বক্রতলের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমির পরিধি $\times$ হেলানো উচ্চতা
$= \frac{1}{2} \times 2\pi r \times l = \pi rl$ বর্গএকক



(খ) সমগ্রতলের ক্ষেত্রফল = বক্রতলের ক্ষেত্রফল + ভূমিতলের ক্ষেত্রফল
$= \pi rl + \pi r^2 = \pi r(r + l)$ বর্গএকক

(গ) আয়তন $= \frac{1}{3} \times$ ভূমির ক্ষেত্রফল $\times$ উচ্চতা $= \frac{1}{3}\pi r^2 h$ ঘন একক

উদাহরণ ৩। একটি সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা 12 সে. মি. এবং ভূমির ব্যাস 10 সে. মি. হলে, তার হেলানো উচ্চতা, বক্রতলের ও সমগ্রতলের ক্ষেত্রফল এবং আয়তন নির্ণয় কর।

সমাধান : ভূমির ব্যাসার্ধ $= r = \frac{10}{2} = 5$ সে. মি.

হেলানো উচ্চতা $l = \sqrt{h^2 + r^2} = \sqrt{12^2 + 5^2} = 13$ সে. মি.


বক্রতলের ক্ষেত্রফল $= \pi r l = \pi x\ 5\ x\ 13 = 204.2035$ ব. সে. মি.

সমগ্রতলের ক্ষেত্রফল $= \pi r\ (l + r) = \pi \times 5\ (13 + 5) = 282.7433$ ব. সে. মি.

আয়তন $= \frac{l}{3} \pi r^2\ h = \frac{l}{3} \times \pi \times 5^2 \times 12 = 314.1593$ ঘ. সে. মি.।

৫। গোলক (Sphere)

কোনো অর্ধবৃত্ত ক্ষেত্রের ব্যাসকে অক্ষ ধরে ঐ ব্যাসের চতুর্দিকে অর্ধবৃত্ত ক্ষেত্রকে একবার ঘুরিয়ে আনলে যে ঘনবস্তু উৎপন্ন হয় তাকে গোলক বলে। অর্ধবৃত্তটির কেন্দ্রই গোলকের কেন্দ্র। অর্ধবৃত্ত এই ঘূর্ণনের ফলে যে তল উৎপন্ন করে তাই হল গোলকের তল। গোলকের কেন্দ্র বলতে মূল বৃত্তের কেন্দ্রকেই বুঝায়।



CQAR গোলকের কেন্দ্র O, ব্যাসার্ধ OA = OB = OC এবং কেন্দ্র থেকে h দূরত্বে P বিন্দুর মধ্য দিয়ে OA রেখার সাথে লম্ব হয় এরূপ একটি সমতল গোলকটিকে ছেদ করে QR বৃত্তটি উৎপন্ন করেছে। এই বৃত্তের কেন্দ্র P এবং ব্যাসার্ধ PB। তাহলে PB এবং OP পরস্পর লম্ব।


$\therefore\ OB^2 = BP^2 + OP^2$

$\therefore\ PB^2 = OB^2 - OP^2 = r^2 - h^2$

গোলকের ব্যাসার্ধ r হলে,

(ক) গোলকের তলের ক্ষেত্রফল $= 4\pi r^2$ বর্গএকক।

(খ) আয়তন $= \frac{4}{3} \pi r^3$ ঘন একক।



(গ) h উচ্চতায় তলচ্ছেদে উৎপন্ন বৃত্তের ব্যাসার্ধ $= \sqrt{r^2 - h^2}$ একক।

উদাহরণ ৪। একটি আয়তাকার তাম্রপিন্ডের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 11 মিটার, 10 মিটার, 5 মিটার একে গলিয়ে 50 সে. মি. ব্যাসের কতগুলো গোলক প্রস্তুত করা যায়?

সমাধান : তাম্রপিন্ডের আয়তন $= 11 \times 10 \times 5$ ঘ. মি. $= 550$ ঘনমিটার

গোলকের ব্যাসার্ধ $= \frac{50}{2}$ সে. মি. $= 25$ সে. মি. $= \frac{1}{4}$ মিটার

$\therefore$ গোলকের আয়তন $= \frac{4}{3} \times \pi \times \left(\frac{1}{4}\right)^3 = .06545$ ঘ. মি. ($\pi = 3.1416$ ধরে)

$\therefore$ নির্ণেয় গোলক সংখ্যা $= 550 \div .06545 = 8403.36$

অর্থাৎ 8403 টি (প্রায়)।

উদাহরণ ৫। 4 সে. মি. ব্যাসের একটি লৌহ গোলককে পিটিয়ে $\frac{2}{3}$ সে. মি. পুরু একটি বৃত্তাকার লৌহপাত প্রস্তুত করা হল। ঐ পাতের ব্যাসার্ধ কত?

সমাধান : লৌহ গোলকের ব্যাসার্ধ $= \frac{4}{2} = 2$ সে. মি.

$\therefore$ তার আয়তন $= \frac{4}{3}\pi .2^3 = \frac{32}{3}\pi$ ঘন সে. মি.

মনে করি, পাতের ব্যাসার্ধ= r সে. মি. পাতটি $\frac{2}{3}$ সে. মি. পুরু।

$\therefore$ পাতের আয়তন $= \pi r^2 \times \frac{2}{3}$ ঘ. সে. মি. $= \frac{2}{3}\pi r^2$ ঘ. সে. মি.

শর্তানুসারে, $\frac{2}{3}\pi r^2 = \frac{32}{3}\pi$ বা, $r^2 = 16$ বা, $r = 4$

$\therefore$ পাতের ব্যাসার্ধ $= 4$ সে. মি.

উদাহরণ ৬। সমান উচ্চতাবিশিষ্ট একটি সমবৃত্তভূমিক কোণক, একটি অর্ধ গোলক ও একটি সিলিন্ডার সমান সমান ভূমির উপর অবস্থিত। দেখাও যে, তাদের আয়তনের অনুপাত 1 : 2 : 3

সমাধান : মনে করি, সাধারণ উচ্চতা ও ভূমির ব্যাসার্ধ যথাক্রমে h এবং r একক। যেহেতু অর্ধ গোলকের উচ্চতা ও ব্যাসার্ধ সমান। $\therefore h = r$

তাহলে কোণকের আয়তন $= \frac{1}{3}\pi r^2 h = \frac{1}{3}\pi r^3$ ঘন একক

অর্ধ গোলকের আয়তন $\frac{1}{2}\left(\frac{4}{3}\pi r^3\right) = \frac{2}{3}\pi r^3$ ঘন একক

সিলিন্ডারের আয়তন $= \pi r^2 h = \pi r^3$

$\therefore$ নির্ণেয় অনুপাত $\frac{1}{3}\pi r^3 : \frac{2}{3}\pi r^3 : \pi r^3$

$$= \frac{1}{3} : \frac{2}{3} : 1 = 1 : 2 : 3.$$

উদাহরণ ৭। একটি আয়তাকার লৌহ ফলকের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 10, 8 ও $5\frac{1}{2}$ সে. মি.।

এই ফলকটিকে গলিয়ে $\frac{1}{2}$ সে. মি. ব্যাসার্ধ বিশিষ্ট কতগুলো গোলাকার গুলি প্রস্তুত করা যাবে?

সমাধান : লৌহ ফলকের আয়তন $= 10 \times 8 \times 5\frac{1}{2}$ ঘ. সে. মি. $= 440$ ঘ. সে. মি.

মনে করি, নির্ণেয় গুলির সংখ্যা $= n$

$\therefore$ n সংখ্যক গুলির আয়তন $= n \times \frac{4}{3}\pi \left(\frac{1}{2}\right)^3$ ঘ. সে. মি.


প্রশ্নানুসারে, $n \times \frac{4\pi}{24} = 440$

$\therefore\ n = \dfrac{440 \times 24}{4\pi} = \dfrac{440 \times 24}{4 \times \pi} = 840.33$ অর্থাৎ, 840 টি।

উদাহরণ ৮। একটি সমবৃত্তভূমিক কোণকের আয়তন V, বক্রতলের ক্ষেত্রফল S, ভূমির ব্যাসার্ধ r, উচ্চতা h এবং অর্ধ শীর্ষকোণ α হলে দেখাও যে,

(i) $S = \dfrac{\pi h^2 \tan\alpha}{\text{Cos}\alpha} = \dfrac{\pi r^2}{\sin\alpha}$ বর্গ একক

(ii) $V = \dfrac{1}{3}\pi h^3 \tan^2\alpha = \dfrac{\pi r^3}{3\tan\alpha}$ ঘন একক



সমাধান : পাশের চিত্রে, কোণকের উচ্চতা OA (= h) , হেলানো উচ্চতা AC (= l), ভূমির ব্যাসার্ধ OC (= r), অর্ধ শীর্ষকোণ $\angle OAC\ (= \alpha)$

$\therefore\ l = \sqrt{h^2 + r^2}$ এবং $r = h\tan\alpha$.

এখন (i) $S = \pi r l = \pi r\sqrt{h^2 + h^2\tan^2\alpha} = \pi r h \sec\alpha.$

$$= \pi(h\tan\alpha)(h\sec\alpha) = \frac{\pi h^2 \tan\alpha}{\cos\alpha}$$

$$= \pi\left(\frac{r}{\tan\alpha}\right)^2 \frac{\tan\alpha}{\cos\alpha},\ [\ \therefore\ h = \frac{r}{\tan\alpha}\ ]$$

$$= \frac{\pi r^2}{\sin\alpha}$$ বর্গ একক।

(ii) $V = \dfrac{1}{3}\pi r^2 h = \dfrac{1}{3}\pi(h\tan\alpha)^2 h = \dfrac{1}{3}\pi h^3\tan^2\alpha$

$= \dfrac{1}{3}\pi\left(\dfrac{r}{\tan\alpha}\right)^3 \tan^2\alpha = \dfrac{1}{3}\pi\ \dfrac{r^3}{\tan\alpha}$ ঘন একক।

দ্রষ্টব্য : এই উদাহরণে (মাধ্যমিক জ্যামিতিতে পঠিত) ত্রিকোণমিতিক অনুপাতসমূহের ব্যবহার করা হয়েছে।

অনুশীলনী- ৭.২

(ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। প্রয়োজনে $\pi = 3.1416$ ধরতে হবে।)

১। একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 16 মি., 12 মি. ও 4.5 মিটার। এর পৃষ্ঠতলের ক্ষেত্রফল, কর্ণের দৈর্ঘ্য এবং আয়তন নির্ণয় কর।

২। একটি আয়তাকার ঘনবস্তুর পৃষ্ঠতলের ক্ষেত্রফল 198 বর্গমিটার এবং এর মাত্রাগুলোর অনুপাত 3 ঃ 2 ঃ 1 হলে এর আয়তন ও কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর।

৩। ভূমির উপর অবস্থিত 2.5 মি. দৈর্ঘ্য ও 1.0 মি. প্রস্থবিশিষ্ট (অভ্যন্তরীণ পরিমাপ) একটি আয়তাকার জলাধারের উচ্চতা 4 মিটার হলে, এর আয়তন এবং অভ্যন্তরীণ তলের ক্ষেত্রফল নির্ণয় কর।

৪। একটি আয়তাকার ঘনবস্তুর মাত্রাগুলো 5 সে. মি., 4 সে. মি., 3 সে. মি. হলে, এর কর্ণের সমান ধারবিশিষ্ট ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

৫। 70 জন ছাত্রের জন্য এরূপ একটি হোস্টেল নির্মাণ করতে হবে যাতে প্রত্যেক ছাত্রের জন্য 4.25 বর্গমিটার মেঝে ও 13.6 ঘনমিটার শূন্যস্থান থাকে। হোস্টেলটি 34 মিটার লম্বা হলে, এর প্রস্থ ও উচ্চতা কত হবে?

৬। কোনো ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য $8\sqrt{2}$ সে.মি. হলে, এর কর্ণের দৈর্ঘ্য ও আয়তন নির্ণয় কর।

৭। উভয় প্রান্ত বন্ধ একটি সমবৃত্তভূমিক সিলিন্ডারের বক্রতল 2200 বর্গ সে.মি.। এর উচ্চতা 25 সে.মি. হলে, সমগ্রতল নির্ণয় কর।

৮। একটি সমবৃত্তভূমিক সিলিন্ডারের তলের ক্ষেত্রফল 100 বর্গ সে.মি. এবং এর আয়তন 150 ঘন সে.মি.। এর ভূমির ব্যাসার্ধ ও উচ্চতা নির্ণয় কর।

৯। কোনো আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 10 সে. মি. ও প্রস্থ 3 সে. মি.। একে বৃহত্তর বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হবে তার পৃষ্ঠতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর।

১০। 21 সে. মি. দৈর্ঘ্য, 12 সে. মি. প্রস্থ ও 11 সে. মি. উচ্চতাবিশিষ্ট একটি আয়তাকার তাম্রপিড গলিয়ে .7 সে. মি. ব্যাসার্ধের একটি কঠিন সুষম তারে পরিণত করা হল। তারটির দৈর্ঘ্য নির্ণয় কর।

১১। একটি সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা 8 সে. মি. এবং ভূমির ব্যাসার্ধ 6 সে. মি. হলে, সমগ্রতল ও আয়তন নির্ণয় কর।

১২। একটি সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা 24 সে. মি. এবং আয়তন 1232 ঘন সে. মি.। এর হেলানো উচ্চতা কত?

১৩। কোনো সমকোণী ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য 5 সে. মি. এবং 3.5 সে. মি.। একে বৃহত্তর বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয়, তার আয়তন নির্ণয় কর।

১৪। 6 সে. মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি গোলকের পৃষ্ঠতল ও আয়তন নির্ণয় কর।

১৫। 6, 8, r সে. মি. ব্যাসার্ধবিশিষ্ট তিনটি কঠিন কাচের বল গলিয়ে 9 সে. মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি কঠিন গোলকে পরিণত করা হল। r এর মান নির্ণয় কর।

১৬। একটি ফাঁপা লোহার গোলকের বাইরের ব্যাস 13 সে. মি. এবং লোহার বেধ 2 সে. মি.। ঐ গোলকে ব্যবহৃত লোহা দিয়ে একটি নিরেট গোলক তৈরি করা হল। তার ব্যাস কত হবে?

১৭। 4 সে. মি. ব্যাসার্ধের একটি নিরেট গোলককে গলিয়ে 5 সে. মি. বহির্ব্যাসার্ধ বিশিষ্ট ও সমভাবে পুরু একটি ফাঁপা গোলক প্রস্তুত করা হল। দ্বিতীয় গোলকটি কত পুরু ?

১৮। একটি লোহার নিরেট গোলকের ব্যাসার্ধ 6 সে. মি.। এর লোহা থেকে 8 সে. মি. দৈর্ঘ্য ও 6 সে. মি. ব্যাসের কয়টি নিরেট সিলিন্ডার প্রস্তুত করা যাবে?

১৯। 3 সে. মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি ধাতব কঠিন গোলককে গলিয়ে 3 সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তভূমিক সিলিন্ডার আকৃতির দণ্ডে পরিণত করা হল। দণ্ডটির দৈর্ঘ্য নির্ণয় কর।

২০। 44 সে. মি. পরিধি বিশিষ্ট একটি গোলক আকৃতির বল একটি ঘনক আকৃতির বাক্সে ঠিকভাবে এঁটে যায়। বাক্সটির অনধিকৃত অংশের আয়তন নির্ণয় কর।

২১। একটি গোলক আকৃতির বল একটি সিলিন্ডার আকৃতির বাক্সে ঠিকভাবে এঁটে যায়। বাক্সটির অনধিকৃত অংশের আয়তন $89\frac{5}{8}$ ঘন সে. মি. হলে, বলটির পরিধি কত?

২২। 13 সে. মি. ব্যাসার্ধ বিশিষ্ট একটি গোলকের কেন্দ্র থেকে 12 সে. মি. দূরবর্তী কোনো বিন্দুর মধ্য দিয়ে ব্যাসের উপর লম্ব সমতল গোলকটিকে ছেদ করে। উৎপন্ন তলটির ক্ষেত্রফল নির্ণয় কর।

২৩। একটি ঢাকনাযুক্ত কাঠের বাক্সের বাইরের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 1.6, 1.2, 0.8 মিটার এবং এর কাঠ 3 সে. মি. পুরু। বাক্সটির ভিতরের তলের ক্ষেত্রফল কত? প্রতি বর্গমিটার 14.44 টাকা হিসাবে বাক্সের ভিতরটি রং করতে কত খরচ হবে?

২৪। 120 মিটার দৈর্ঘ্য ও 90 মি. প্রস্থ (বহির্মাপ) বিশিষ্ট আয়তাকার বাগানের চতুর্দিকে 2 মি. উচ্চ ও 25 সে. মি. পুরু প্রাচীর নির্মাণ করতে 25 সে. মি. দৈর্ঘ্য, 12.5 সে.মি. প্রস্থ এবং 0.8 সে. মি. বেধবিশিষ্ট কতগুলো ইট লাগবে?

২৫। একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 4 ঃ 3 এবং এর আয়তন 2304 ঘন সে. মি.। প্রতি বর্গসেন্টিমিটারে 10 পয়সা হিসেবে ঐ বস্তুর তলায় সীসার প্রলেপ দিতে 19.20 টাকা খরচ হলে, ঐ বস্তুর মাত্রাগুলো নির্ণয় কর।

২৬। কোণক আকারের একটি তাঁবুর উচ্চতা 7.50 মিটার। এই তাঁবু দ্বারা 2000 বর্গমিটার জমি ঘিরতে চাইলে কি পরিমাণ ক্যানভাস লাগবে?

২৭। 17.5 সে. মি. ব্যাসের চারটি বৃত্তভূমিক সিলিন্ডারাকারের ঢালাই পিলারের চতুর্দিকে 3.5 সে. মি. পুরু প্লাস্টার করার জন্য 3 ঃ 1 অনুপাতে বালি ও সিমেন্ট মিশিয়ে মশলা তৈরি করতে হয়। প্রতিটি পিলার তিন মিটার উঁচু হলে, কি পরিমাণ বালি লাগবে?

বহুনির্বাচনী প্রশ্ন

১। একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 6 সে.মি., 3 সে.মি. এবং 6 সে.মি. । ঘনবস্তুর কর্ণের দৈর্ঘ্য কত সে.মি. ?

ক. $6\sqrt{2}$ খ. $6\sqrt{3}$

গ. 8 ঘ. 9

২। 512 সি.সি. আয়তনের একটি গোলক হতে আটটি সমআয়তনের ঘনক তৈরি করা হলে প্রতিটি ঘনকের ধার কত সে.মি. হবে?

ক. 2 খ. 4

গ. 6 ঘ. 8

৩। সমবৃত্তভূমিক এবং একই উচ্চতাবিশিষ্ট একটি কোণক ও একটি সিলিন্ডারের আয়তনের অনুপাত নিম্নের কোনটি?

ক. 1 ঃ 2 খ. 2 ঃ 1

গ. 1 ঃ 3 ঘ. 3 ঃ 1

নিম্নের তথ্যের ভিত্তিতে ৪ - ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :

2 সে.মি. ধারবিশিষ্ট তিনটি ঘনককে পাশাপাশি রেখে একটি আয়তাকার ঘনবস্তু পাওয়া গেল।

৪। আয়তাকার ঘনবস্তুর আয়তন কত সি.সি.?

ক. 4 খ. 12

গ. 18 ঘ. 24

৫। প্রতিটি ঘনকের কর্ণের দৈর্ঘ্য নিচের কোনটি ?

ক. $2\sqrt{3}$ সে.মি. খ. $3\sqrt{2}$ সে.মি.

গ. $2\sqrt{6}$ সে.মি. ঘ. $2\sqrt{2}$ সে.মি.

৬। আয়তাকার ঘনবস্তুর কর্ণ কত সে. মি. ?

ক. $6\sqrt{3}$ খ. $2\sqrt{11}$

গ. $6\sqrt{2}$ ঘ. $3\sqrt{6}$


৭। একটি ঘনক আকৃতির বাক্সে একটি নিরেট গোলক ঠিকভাবে এঁটে যায়।
বাক্সের ফাঁকা অংশের আয়তন হবে কোনটি?

ক. $\frac{\pi}{6}$ খ. $\frac{\pi}{3}$

গ. $\frac{3}{\pi}$ ঘ. $\frac{6}{\pi}$

সৃজনশীল প্রশ্ন

১।




একটি সমবৃত্তভূমিক তাঁবুর চিত্র দেওয়া হল-

ক. তাঁবুটির হেলানো তলের উচ্চতা নির্ণয় কর।

খ. তাঁবুটি স্থাপন করতে কত বর্গমিটার জায়গা প্রয়োজন হবে? তাঁবুটির আয়তন নির্ণয় কর।

গ. তাঁবুটি বানাতে কী পরিমাণ ক্যানভাস লাগবে? প্রতি বর্গ মি. ক্যানভাসের মূল্য 100 টাকা হলে তাঁবুটি বানাতে কত টাকা খরচ হবে?

২।




একটি ধাতব ঘনবস্তুর চিত্র দেওয়া হল।

ক. চিত্রমতে, ঘনবস্তুটির ভূ-তল কোনটি? ভূ-তলটির ক্ষেত্রফল নির্ণয় কর।

খ. ঘনবস্তুটির কর্ণের দৈর্ঘ্যের সমান ধারবিশিষ্ট একটি ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

গ. ঘনকটি গলিয়ে 1.5 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট কতটি ফাঁপা গোলক তৈরি করা যাবে তা নিকটতম পূর্ণ সংখ্যায় প্রকাশ কর (প্রতিটি ফাঁকা গোলকের পুরুত্ব = 0.5 সে.মি.)

৩। চিত্রে ABC একটি সমকোণী ত্রিভুজ



ক. ΔABC কে AB বাহুর চতুর্দিকে ঘোরালে উৎপন্ন বস্তুটি কী? ঘনবস্তুটির ভূমির ক্ষেত্রফল নির্ণয় কর।

খ. উৎপন্ন ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল এবং আয়তন নির্ণয় কর।

গ. sinC নির্ণয় কর এবং প্রমাণ কর যে, $\frac{\tan C - \tan A}{1 + \tan C . \tan A} = \frac{7}{27}$

অষ্টম অধ্যায়

ত্রিকোণমিতি


৮.১। ভূমিকা

'ত্রিকোণ' শব্দটি দ্বারা তিনটি কোণ বোঝায় আর 'মিতি' অর্থে পরিমাণ বোঝায়। Trigon গ্রিক শব্দটির অর্থ তিনটি কোণ বা ত্রিভুজ এবং 'metry' শব্দের অর্থ পরিমাপ। ইংরেজিতে ত্রিকোণমিতিকে Trigonometry বলা হয়। ব্যবহারিক প্রয়োজনে ত্রিভুজের তিনটি কোণ ও তিনটি বাহুর পরিমাণ এবং তাদের সাথে সম্পর্কিত বিষয়ের আলোচনা থেকেই ত্রিকোণমিতির সূত্রপাত হয়। গণিতের একটি বিশেষ শাখা হিসেবে ত্রিকোণমিতির আলোচ্য বিষয় ব্যাপকভাবে বিস্তৃত হয়েছে।

ত্রিকোণমিতিকে দুইটি শাখায় বিভক্ত করা যায়। একটি সমতলীয় ত্রিকোণমিতি (Plane Trigonometry) এবং গোলকীয় ত্রিকোণমিতি (Spherical Trigonometry)। আমাদের বর্তমান আলোচনা কেবলমাত্র সমতলীয় ত্রিকোণমিতির মধ্যে সীমাবদ্ধ থাকবে।

৮.২। জ্যামিতিক ও ত্রিকোণমিতিক কোণ

XOX' এবং YOY' রেখাদ্বয় O বিন্দুতে সমকোণে ছেদ করে যে চারটি সমকোণ উৎপন্ন করেছে তাদের প্রত্যেকটির অভ্যন্তরকে একটি চতুর্ভাগ (quadrant) বলা হয়। OX থেকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরতে থাকলে প্রথম সমকোণের অভ্যন্তর প্রথম চতুর্ভাগ এবং দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ সমকোণের অভ্যন্তরগুলোকে যথাক্রমে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ চতুর্ভাগ বলে।



জ্যামিতির প্রাথমিক ধারণা অনুসারে একই প্রান্তবিশিষ্ট দুইটি ভিন্ন রশ্মি একটি কোণ উৎপন্ন করে। ত্রিকোণমিতিতে একটি স্থির রশ্মির পরিপ্রেক্ষিতে অপর একটি ঘূর্ণায়মান রশ্মির বিভিন্ন অবস্থানে বিভিন্ন কোণ বিবেচনা করা হয়। মনে করি, OB ঘূর্ণায়মান রশ্মি শুরুতে OX স্থির রশ্মির অবস্থান থেকে ঘড়ির কাঁটা যেদিকে ঘোরে তার বিপরীত (anti-clockwise) দিকে ঘুরছে। OB রশ্মি প্রথমে XOB_1 সূক্ষ্মকোণ উৎপন্ন করে প্রথম চতুর্ভাগে থাকে এবং পরে যখন OX এর সাথে লম্বভাবে OY অবস্থানে আসে তখন XOY কোণের পরিমাণ 90^0 বা এক সমকোণ হয়। OB রশ্মিটি আরও কিছু ঘুরে যখন দ্বিতীয় চৌকণে OB_2 অবস্থানে থাকে, তখন উৎপন্ন XOB_2 কোণটি স্থূলকোণ। একইভাবে ঘুরে যখন OB রশ্মি OX এর ঠিক বিপরীত দিকে একই সরলরেখায় OX' অবস্থানে থাকে, তখন উৎপন্ন কোণ XOX' একটি সরলকোণ যার পরিমাণ 180^0 বা দুই সমকোণ।

জ্যামিতিতে কোণের আলোচনা দুই সরলকোণ পর্যন্ত সীমিত রাখা হয় এবং এরূপ জ্যামিতিক ও ত্রিকোণমিতিক কোণের মধ্যে কোনো পার্থক্য নেই। কিন্তু যদি মনে করা যায় যে, OB রশ্মিটি সম্পূর্ণরূপে একবার অপেক্ষা কিছু বেশি ঘুরে আবার OB_1 অবস্থানে গেল, তখন উৎপন্ন XOB_1 কোণের পরিমাণ চার সমকোণ অপেক্ষা বৃহত্তর। এরূপ ঘূর্ণনের ফলে ত্রিকোণমিতিতে আরও বৃহত্তর কোণ উৎপন্ন হতে পারে। কিন্তু সমতল জ্যামিতিতে চার সমকোণের বেশি ধারণা করা যায় না।

OB রশ্মির আদি অবস্থানে XOX' কোণকে জ্যামিতিতে কোণ বলে গণ্য করা হয় না, কিন্তু ত্রিকোণমিতিতে উক্ত কোণের পরিমাণ শূন্য ধরা হয়।

৮.৩। ধনাত্মক ও ঋণাত্মক কোণ

উপরোক্ত আলোচনায় OB রশ্মিকে ঘড়ির কাঁটার ঘূর্ণনের বিপরীত দিকে ঘোরানো হয়েছে। কোনো রশ্মিকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘোরানোর ফলে উৎপন্ন কোণকে ধনাত্মক (positive) কোণ বলা হয়। আবার কোনো রশ্মিকে ঘড়ির কাঁটার দিকে ঘোরানোর ফলে উৎপন্ন কোণকে ঋণাত্মক (negative) কোণ বলা হয়।

উপরের আলোচনা থেকে এটা স্পষ্ট যে, একটি ধনাত্মক কোণের পরিমাণ 90^0 অপেক্ষা কম, অথবা 360^0 অপেক্ষা বেশি কিন্তু 450^0 অপেক্ষা কম হলে, উক্ত কোণ প্রথম চতুর্ভাগে অবস্থান করে। পূর্বোক্ত চিত্রে BOB_1 কোণটি প্রথম চতুর্ভাগে, BOB_2 কোণটি দ্বিতীয় চতুর্ভাগে, BOB_3 কোণটি তৃতীয় চতুর্ভাগে, BOB_4 কোণটি চতুর্থ চতুর্ভাগে অবস্থান করে।

উদাহরণ ১। (i) 1240^0 (ii) -2130^0 কোণদ্বয় কোণ চতুর্ভাগে আছে, নির্ণয় কর।

সমাধান : (i) $1240^0 = (13 \times 90^0 + 70^0) = 3 \times 4 \times 90^0 + 90^0 + 70^0$

1240^0 কোণটি ধনাত্মক কোণ এবং 13 সমকোণ অপেক্ষা বৃহত্তর কিন্তু 14 সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর। সুতরাং কোণটি উৎপন্ন করতে 12 সমকোণ বা তিনবার ঘোরার পর আরও এক সমকোণ ঘোরার পর দ্বিতীয় চতুর্ভাগে 70^0 ঘুরতে হবে। 1240^0 কোণটি দ্বিতীয় চতুর্ভাগে অবস্থান করে।

(ii) $-2130^0 = -23 \times 90^0 - 60^0$

2130^0 একটি ঋণাত্মক কোণ এবং ঘড়ির কাঁটার দিকে 23 সমকোণ ও একই দিকে 60^0 ঘুরলে -2130^0 পরিমাণ কোণ উৎপন্ন হবে।

$\therefore$ -2130^0 কোণটি প্রথম চতুর্ভাগে অবস্থান করে।

৮.৪। কোণ পরিমাপের একক

কোনো কোণের মান বা পরিমাণ বর্ণনায় সাধারণত দুই প্রকারের একক পদ্ধতি ব্যবহৃত হয় :

(১) ষাটমূলক পদ্ধতি (Sexagesimal system) ও

(২) বৃত্তীয় পদ্ধতি (Circular system)।

(১) ষাটমূলক পদ্ধতি : সমকোণ একটি ধ্রুব কোণ। ষাটমূলক পদ্ধতিতে সমকোণকে কোণ পরিমাপের একক ধরা হয়। এক সমকোণকে সমান 90 ভাগে বিভক্ত করলে প্রতি অংশের পরিমাপ এক ডিগ্রি (degree) হয়। এক ডিগ্রিকে সমান 60 ভাগ করে প্রতি ভাগকে এক মিনিট (minute) এবং এক মিনিটকে সমান ৬০ ভাগ করে প্রতি ভাগকে এক সেকেন্ড (second) বলা হয়।


60" সেকেন্ড = 1' মিনিট
60' মিনিট = 1^0 ডিগ্রি
90^0 ডিগ্রি = 1 সমকোণ।

(২) বৃত্তীয় পদ্ধতি : বৃত্তীয় পদ্ধতিতে এক রেডিয়ান (Radian) কোণকে কোণ পরিমাপের একক ধরা হয়।

সংজ্ঞা : কোনো বৃত্তের ব্যাসার্ধের সমান চাপ ঐ বৃত্তের কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে, তাকেই এক রেডিয়ান কোণ বলা হয়।

প্রতিজ্ঞা : (১) **যেকোনো** দুইটি বৃত্তের স্ব-স্ব পরিধি ও ব্যাসের অনুপাত সমান।

প্রমাণ : আমরা ধরে নিতে পারি যে, বৃত্ত দুইটি সমকেন্দ্রিক। মনে করি, $n>1$ একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা। বৃহত্তর বৃত্তটিকে n সংখ্যক সমান অংশে বিভক্ত করি। কেন্দ্রের সাথে বিভক্তি বিন্দুগুলো যোগ করে ক্ষুদ্রতর বৃত্তটিকে n সংখ্যক সমান অংশে বিভক্ত করা হয়। উভয় বৃত্তে বিভক্ত বিন্দুগুলো পরস্পর সংযুক্ত করি। ফলে প্রত্যেক বৃত্তে n সংখ্যক বাহুবিশিষ্ট একটি সুষম বহুভুজ অন্তর্লিখিত হল (বৃহত্তর বৃত্তে ABCD... ও ক্ষুদ্রতর বৃত্তে abcd...)। বৃহত্তর বৃত্তের পরিধিকে P ও ব্যাসার্ধকে R এবং ক্ষুদ্রতম বৃত্তের পরিধিকে p ও ব্যাসার্ধকে r দ্বারা সূচিত করি।



এখন, OAB ও Oab ত্রিভুজদ্বয় সদৃশ,

কেননা $\angle AOB = \angle aOb$ (উভয়ের সাধারণ কোণ)

এবং উভয়ে সমদ্বিবাহু বলে ভূমি সংলগ্ন কোণগুলি সমান।

$$\therefore \ \frac{AB}{ab} = \frac{OA}{Oa} = \frac{OB}{Ob} = \frac{R}{r}$$

অনুরূপে $\frac{BC}{bc} = \frac{R}{r} = \frac{CD}{cd} = \frac{R}{r}$ ইত্যাদি।

$$\therefore \ \frac{AB}{ab} = \frac{BC}{bc} = \frac{CD}{cd} = \frac{R}{r}$$

$$\therefore \ \frac{AB + BC + CD + \ldots\ldots\ldots\ldots\ldots}{ab + bc + cd + \ldots\ldots\ldots\ldots\ldots\ldots} = \frac{2R}{2r} \qquad \ldots\ldots\ldots\ldots (1)$$

n যথেষ্ট বড় হলে AB, BC, CD .... রেখাংশগুলো খুব ছোট হবে এবং মনে হবে সবাই বৃত্তের ছোট ছোট চাপ।

সুতরাং এক্ষেত্রে AB + BC + CD + ... = বৃহত্তর বৃত্তের পরিধির দৈর্ঘ্য = P
এবং ab + bc + cd + ... = ক্ষুদ্রতর বৃত্তের পরিধির দৈর্ঘ্য = p

$$\therefore \ (1) \text{ হতে } \frac{P}{p} = \frac{2R}{2r} \Rightarrow \frac{P}{2R} = \frac{p}{2r}.$$

$\therefore$ যেকোনো দুইটি বৃত্তের পরিধির দৈর্ঘ্য ও ব্যাসের দৈর্ঘ্যের অনুপাত একই।

মন্তব্য ১। যেকোনো দুইটি বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত সর্বদা একই। অন্য কথায়, যেকোনো বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত বৃত্ত নির্বিশেষে একই ধ্রুব সংখ্যা। এই ধ্রুব সংখ্যাটিকে গ্রিক অক্ষর π (পাই) দ্বারা সূচিত করা হয়। এটি একটি অমূলদ সংখ্যা, অর্থাৎ π কে দশমিকে প্রকাশ করলে এর মান একটি অন্তহীন পৌনঃপুনিক রাশি হয়। π কে কোনো ক্রমেই দুইটি পূর্ণ সংখ্যার অনুপাত আকারে প্রকাশ করা যায় না। π এর মূলদ আসন্ন মান হিসেবে $\frac{22}{7}$ বা 3.1416 সচরাচর ব্যবহৃত হয়।

মন্তব্য ২। চার দশমিক স্থান পর্যন্ত π এর আসন্ন মান 3.1416. আমরা সব কাজে এই মানটি ব্যবহার করবো। সম্প্রতি ইলেকট্রনিক কমপিউটারের সাহায্যে π এর মান সহস্র লক্ষাধিক দশমিক স্থান পর্যন্ত নির্ণীত হয়েছে। π এর যেকোনো আসন্ন মান ব্যবহার করে প্রাপ্ত উত্তরও আসন্ন। এজন্য উত্তরের পাশে 'প্রায়' লেখা কর্তব্য।

অনুসিদ্ধান্ত : যে বৃত্তের ব্যাসার্ধ $= r$ এর পরিধি $= 2\pi r$;


কেননা, পরিধি $= \pi \times$ ব্যাস

$= \pi \times 2r$

$= 2\pi r.$

প্রতিজ্ঞা : (২) বৃত্তের কোনো চাপ দ্বারা উৎপন্ন কেন্দ্রস্থ কোণ ঐ বৃত্তচাপের সমানুপাতিক।

প্রতিজ্ঞা : (৩) রেডিয়ান কোণ একটি ধ্রুব কোণ।



প্রমাণ : মনে করি, O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্ত $\angle POB$ একটি রেডিয়ান কোণ। প্রমাণ করতে হবে যে, $\angle POB$ একটি ধ্রুব কোণ।

OB রেখাংশের উপর O বিন্দুতে OA লম্ব আঁকি; OA পরিধিকে A বিন্দুতে ছেদ করে।

এখন, চাপ AB = পরিধির এক-চতুর্থাংশ

$$= \frac{1}{4} \times 2\pi r = \frac{\pi r}{2}$$

এবং চাপ PB = r (ব্যাসার্ধ)।

এখন, প্রতিজ্ঞা 2 থেকে পাই,

$$\frac{\angle POB}{\angle AOB} = \frac{\text{চাপ } PB}{\text{চাপ } AB}$$

অতএব $\angle POB = \frac{\text{চাপ } PB}{\text{চাপ } AB} \times \angle AOB$


$$= \frac{r}{\frac{\pi r}{2}} \times 1 \text{ সমকোণ} = \frac{2}{\pi} \text{ সমকোণ}$$

যেহেতু π এবং সমকোণ উভয়ই ধ্রুবক, সেহেতু রেডিয়ান কোণ $\angle POB$ একটি ধ্রুব কোণ।

অনুসিদ্ধান্ত : যেকোনো দুইটি বৃত্তের যেকোন দুইটি রেডিয়ান কোণ পরস্পর সমান।

৮.৫। কোণের বৃত্তীয় পরিমাপ

বৃত্তীয় একক অর্থাৎ রেডিয়ান এককে **কোনো** কোণের পরিমাপকে তার বৃত্তীয় পরিমাপ **(circular measure)** বলা হয়।



মনে করি, MON যেকোনো একটি কোণ যার বৃত্তীয় মান নির্ণয় করতে হবে। O বিন্দুকে কেন্দ্র করে যেকোনো $OA = r$ ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অঙ্কন করি। ঐ বৃত্ত OM ও ON কে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে। তাহলে AB চাপ দ্বারা উৎপন্ন কেন্দ্রস্থ $\angle AOB$। বৃত্তের ব্যাসার্ধ r এর সমান করে AP চাপ নিই (যেন চাপ ও ব্যাসার্ধ একই এককে মাপা হয়)।

মনে করি, চাপ $AB = s$

তাহলে সংজ্ঞানুসারে, $\angle AOP = 1$ রেডিয়ান।


এখন $\frac{\angle MON}{\angle AOP} = \frac{\text{চাপ } AB}{\text{চাপ } AP} = \frac{\text{চাপ } AB}{\text{ব্যাসার্ধ } OA}$, প্রতিজ্ঞা ২ অনুযায়ী

$$\therefore \angle MON = \frac{\text{চাপ } AB}{r} \times \angle AOP = \frac{\text{চাপ } AB}{r} \times 1 \text{ রেডিয়ান}$$

$$= \frac{\text{চাপ } AB}{r} \text{ রেডিয়ান} = \frac{s}{r} \text{ রেডিয়ান}$$

$\therefore$ $\angle MON$ এর বৃত্তীয় পরিমাপ $\frac{s}{r}$, যেখানে কোণটি তার শীর্ষবিন্দুকে কেন্দ্র করে এবং r ব্যাসার্ধ নিয়ে অঙ্কিত বৃত্তে s পরিমাণ (r ও s একই দৈর্ঘ্য এককে প্রকাশিত) চাপ খণ্ডিত করে।

দ্রষ্টব্য :



$\angle AOB$ এর বৃত্তীয় পরিমাপ θ রেডিয়ান হলে একে $\angle AOB = \theta$ রেডিয়ান বা $\angle AOB = \theta^C$ লিখে প্রকাশ করা হয়। তবে প্রায়শঃই রেডিয়ান একক বা তার প্রতীক (c) উহ্য রাখা হয়। অর্থাৎ $\angle AOB = \theta$ লিখলে বুঝতে হবে যে, $\angle AOB$ এর বৃত্তীয় পরিমাপ θ. উপরের চিত্রে আমরা লক্ষ করি যে, r ব্যাসার্ধের কোনো বৃত্তে s দৈর্ঘ্যের কোনো চাপ কেন্দ্রে θ রেডিয়ান কোণ ধারণ করলে $\theta = \frac{s}{r}$ বা, $s = r\theta$

৮.৬। কোণের ডিগ্রি পরিমাপ ও রেডিয়ান পরিমাপের সম্পর্ক

রেডিয়ান কোণের বর্ণনায় আমরা দেখেছি যে,

1 রেডিয়ান $= \frac{2}{\pi}$ সমকোণ

অর্থাৎ $1^c = \frac{2}{\pi}$ সমকোণ।

$\therefore$ 1 সমকোণ $= \frac{\pi^c}{2}$

$\therefore 90^o = \frac{\pi^c}{2}$

$\therefore 1^o = \frac{\pi}{180^0}$ বা $1^c = \left(\frac{180}{\pi}\right)^0$

এখানে আমরা লক্ষ করি যে,

(i) $90^o = 1$ সমকোণ $= \frac{\pi}{2}$ রেডিয়ান

অর্থাৎ $180^o = 2$ সমকোণ $= \pi$ রেডিয়ান।

(ii) ষাটমূলক ও বৃত্তীয় পদ্ধতিতে একটি কোণের পরিমাপ যথাক্রমে D^o ও R^c হলে,

$$D^o = \left(D \times \frac{\pi}{180}\right)^C = R^C$$

অর্থাৎ, $D \times \frac{\pi}{180} = R$ বা, $\frac{D}{180} = \frac{R}{\pi}$.

দ্রষ্টব্য ঃ $1^o = \frac{\pi}{180}^{C}$

$$30^o = \left(30 \times \frac{\pi}{180}\right)^C = \left(\frac{\pi}{6}\right)^C$$

$$45^o = \left(45 \times \frac{\pi}{180}\right)^C = \left(\frac{\pi}{4}\right)^C$$

$$60^o = \left(60 \times \frac{\pi}{180}\right)^C = \left(\frac{\pi}{3}\right)^C$$

$$90^o = \left(90 \times \frac{\pi}{180}\right)^C = \left(\frac{\pi}{2}\right)^C$$

$$180^o = \left(180 \times \frac{\pi}{180}\right)^C = \pi^C$$

সংক্ষেপে (রেডিয়ান প্রতীক উহ্য রেখে):

$1^o = \frac{\pi}{180}$, $30^0 = \frac{\pi}{6}$ এবং $45^0 = \frac{\pi}{4}$ ইত্যাদি।

দ্রষ্টব্য ১ : $1^o = 0.01745^C$ (আসন্ন পাঁচ দশমিক পর্যন্ত)
$1^C = 57.29578^o$ (আসন্ন পাঁচ দশমিক পর্যন্ত) $= 57^o17'44.81''$
দ্রষ্টব্য ২ : নিচের (এবং অন্যত্র) সকল উদাহরণে (প্রয়োজনে) π এর আসন্ন মান 3.1416 ব্যবহার করা হয়েছে।

উদাহরণ ২। (i) $45^0 25' 36''$ কে রেডিয়ানে প্রকাশ কর।

(ii) $\frac{8\pi}{13}$ কে ষাটমূলক পদ্ধতিতে ডিগ্রি, মিনিট ও সেকেন্ডে প্রকাশ কর।

সমাধান : (i) $45^o\,25'36'' = 45^o\left(25\frac{36}{60}\right)' = 45^o\left(25\frac{3}{5}\right)' = 45^o\left(\frac{128}{5}\right)'$

$$= \left(45\frac{128}{5\times60}\right)^o = \left(45\frac{32}{75}\right)^o = \left(\frac{3407}{75}\right)^o = \frac{3407}{75} \times \frac{\pi}{180} \text{ রেডিয়ান}$$

[$\therefore$ $1^o = \frac{\pi}{180}$ রেডিয়ান]

$$= \frac{3407\pi}{13500} \text{ রেডিয়ান}$$

$= 0.7928$ রেডিয়ান ($\pi = 3.1416$ ধরে) প্রায়

(ii) $\frac{8\pi}{13}$ রেডিয়ান $= \frac{8\pi}{13} \times \frac{180}{\pi}$ ডিগ্রি, [$\because$ $1^c = \frac{180^0}{\pi}$ রেডিয়ান]

$= \frac{1440}{13}$ ডিগ্রি $= 110^0 46' \,9.23''$

উদাহরণ ৩। একটি চাকার ব্যাসার্ধ 2 মি. 3 সে. মি. হলে, তার পরিধি আসন্ন চার দশমিক স্থান পর্যন্ত নির্ণয় কর।

সমাধান : এখানে ব্যাসার্ধ $= r =$ 2 মি. 3 সে. মি.= 203 সে. মি. = 2.03 মি.

$\therefore$ চাকার পরিধি $= 2\pi r = 2 \times \pi \times 2.03$ মিটার = 12.7549 মিটার (প্রায়)

উদাহরণ ৪। একটি চাকার পরিধি 1 মি. 65 সে. মি. হলে, তার ব্যাসার্ধ কত?

সমাধান : মনে করি, ব্যাসার্ধ $= r$ সে. মি.

$\therefore$ পরিধি $2\pi r$ সে. মি. = 1 মি. 65 সে. মি. = 165 সে. মি. = 1.65 মি.

$\therefore 2\pi r = 1.65$

বা, $r = \dfrac{1.65}{2\pi}$

$\therefore r = 0.2626$

$\therefore$ ব্যাসার্ধ = 0.2626 মিটার।

উদাহরণ ৫। একটি গাড়ির চাকার ব্যাস 0.84 মি. এবং চাকাটি প্রতি সেকেন্ড 6 বার ঘোরে। গাড়িটির গতিবেগ নির্ণয় কর।

সমাধান : চাকার ব্যাসার্ধ $r = \dfrac{084}{2}$ মি. = 0.42 মি.

$\therefore$ চাকার পরিধি $= 2\pi r = 2 \times \pi \times .42$ মি. = 2.6389 মি.

$\therefore$ চাকাটি একবার ঘুরে 2.6389 মি. দূরত্ব অতিক্রম করে।

প্রতি সেকেন্ডে চাকাটি 6 বার ঘোরে।

সুতরাং 1 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব 2.6389×6 মি.

$\therefore$ 1 ঘণ্টায় অতিক্রান্ত দূরত্ব $\dfrac{2.6 \times 6 \times 60 \times 60}{1000}$ কি. মি. = 57.0002 কি. মি.

$\therefore$ গাড়ির গতিবেগ ঘণ্টায় 57 কি. মি. (প্রায়)।

উদাহরণ ৬। কোনো ত্রিভুজের কোণ তিনটির অনুপাত 2 ঃ 5 ঃ 3; বৃহত্তম কোণটিকে ষাটমূলক পদ্ধতিতে এবং ক্ষুদ্রতম কোণটিকে বৃত্তীয় পদ্ধতিতে প্রকাশ কর।

সমাধান : মনে করি, কোণ তিনটি $2x^o, 5x^o, 3x^o$;

তাহলে, $2x + 5x + 3x = 180$, ($\because$ তিন কোণের সমষ্টি 180^o)

বা, $10x = 180$ বা, $x = 18$

$\therefore$ বৃহত্তম কোণটি $5x^o = 5 \times 18^o = 90^o$

ক্ষুদ্রতম কোণটি $2x^o = 2 \times 18^o = 36^o = \dfrac{\pi}{180} \times 36 = \dfrac{\pi}{5}$ রেডিয়ান।

উদাহরণ ৭। পৃথিবীর ব্যাসার্ধ 6440 কিলোমিটার হলে পৃথিবীর উপরের যে দুইটি স্থান কেন্দ্রে $1'$ মিনিট কোণ উৎপন্ন করে তাদের দূরত্ব কত?

সমাধান : ব্যাসার্ধ $= r = 6440$ কি. মি.

কেন্দ্রে উৎপন্ন কোণ $\theta = 1' = \frac{1}{60}$ ডিগ্রি $= \frac{1}{60} \times \frac{\pi}{180}$ রেডিয়ান

$\therefore$ চাপের দৈর্ঘ্য $= s = r\theta = 6440 \times \frac{\pi}{60 \times 18}$ কি. মি. $= 1.87332$ কি. মি. (প্রায়)

$\therefore$ স্থানদ্বয়ের দূরত্ব 1.8733 কি. মি. (প্রায়)।

উদাহরণ ৮। সকাল 9.30 মিনিটে ঘড়ির ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার অন্তর্গত কোণকে ডিগ্রিতে প্রকাশ কর।

সমাধান : 60 মিনিটে ঘড়ির মিনিটের কাঁটা 60 টি ঘর অতিক্রম করে এবং 60 মিনিটে ঘণ্টার কাঁটা 5 ঘর অতিক্রম করে। সুতরাং ঘণ্টার কাঁটা প্রতি মিনিটে $\frac{5}{60}$ বা $\frac{1}{12}$ ঘর অতিক্রম করে।

আবার ঘড়ির ডায়াল বা মুখপাত্রের 60 টি ঘর কেন্দ্রে চার সমকোণ বা 360° কোণ ধারণ করে।

$\therefore$ একটি ঘর কেন্দ্রে $\frac{360^\circ}{60} = 6^\circ$ কোণ ধারণ করে।

9.30 মিনিটের সময় মিনিটের কাঁটা 6 এর দাগে অবস্থান করে এবং ঘণ্টার কাঁটা 9 টার দাগ থেকে 30 মিনিটে $\frac{30}{12}$ বা $2\frac{1}{2}$ ঘর আগে সরে যায়। সুতরাং 9.30 মিনিটে দুইটি কাঁটার মধ্যে ব্যবধান (6 এর দাগ থেকে 9 এর দাগ পর্যন্ত) 15 ঘর $+ 2\frac{1}{2}$ ঘর $= 17\frac{1}{2}$ ঘর

1 ঘর কেন্দ্রে 6° কোণ ধারণ করে।

$\therefore 17\frac{1}{2}$ ঘর কেন্দ্রে ধারণ করে $17\frac{1}{2} \times 6^\circ = 105^\circ$.

অনুশীলনী-৮.১

ক্যালকুলেটর ব্যবহার করে নিম্নের প্রশ্নগুলো সমাধান কর এবং প্রযোজ্য ক্ষেত্রে আসন্ন চার দশমিক স্থান পর্যন্ত মান উল্লেখ কর ($\pi = 3.1416$ ধরে)।

১। (ক) রেডিয়ানে প্রকাশ কর :

(i) $75^\circ 30'$ (ii) $45^\circ 25' 36''$ (iii) $60^\circ 6' 45''$ (iv) $30^\circ 12' 36'$

(খ) নিম্নলিখিত সময়ে বৃত্তাকার ঘড়ির কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কোণের পরিমাণ ষাটমূলক ও বৃত্তীয় পদ্ধতিতে প্রকাশ কর :

(i) 4টা 40 মি.। (ii) 3 টা (iii) 8 টা 20 মি.।

২। একটি কোণকে ষাটমূলক ও বৃত্তীয় পদ্ধতিতে যথাক্রমে D° এবং R^c দ্বারা প্রকাশ করা হলে, প্রমাণ কর যে, $\frac{D}{180} = \frac{R}{\pi}$.

৩। একটি কোণের পরিমাণ ডিগ্রি ও রেডিয়ানে যথাক্রমে x, z হলে, প্রমাণ কর যে, $\frac{x}{90} = \frac{2z}{\pi}$.

৪। একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 3 ঃ 4 ঃ 5; কোণ তিনটির বৃত্তীয়মান কত?

৫। একটি ত্রিভুজের কোণগুলোর অনুপাত 2 ঃ 5 ঃ 3; এর বৃহত্তম কোণের বৃত্তীয়মান নির্ণয় কর।

৬। একটি ত্রিভুজের কোণগুলো সমান্তর শ্রেণীভুক্ত এবং বৃহত্তর কোণটি ক্ষুদ্রতর কোণটির দ্বিগুণ। কোণগুলোকে রেডিয়ানে প্রকাশ কর।

৭। একটি চাকা .88 কিলোমিটার পথ যেতে 20 বার ঘোরে। চাকাটির ব্যাসার্ধ কত?

৮। একটি চাকা 1.75 কিলোমিটার পথ যেতে 40 বার ঘোরে। চাকাটির ব্যাসার্ধ কত?

৯। একটি গাড়ির চাকার ব্যাস 56 সে. মি. এবং চাকা প্রতি সেকেন্ডে 7 বার ঘোরে। গাড়িটির গতিবেগ ঘণ্টায় কত?

১০। একটি গাড়ির চাকার ব্যাস .70 মিটার এবং চাকাটি প্রতি সেকেন্ডে 7 বার আবর্তিত হয়। গাড়িটির গতিবেগ ঘণ্টায় কত তা নির্ণয় কর।

১১। এক ব্যক্তি বৃত্তাকার পথে ঘণ্টায় 5 কি.মি. বেগে দৌড়ে 36 সেকেন্ডে এমন একটি বৃত্তচাপ অতিক্রম করে, যা বৃত্তের কেন্দ্রে 56^o কোণ উৎপন্ন করে। বৃত্তের ব্যাস নির্ণয় কর।

১২। কোনো বৃত্তের ব্যাসার্ধ 7 সে.মি., এর 11 সে.মি. দীর্ঘ চাপের কেন্দ্রস্থ সম্মুখকোণের পরিমাণ নির্ণয় কর।

১৩। বৃত্তের ব্যাসার্ধ 176 সে.মি. হলে, যে চাপের কেন্দ্রস্থ সম্মুখকোণ $22\frac{1^o}{2}$ হয়, তার দৈর্ঘ্য কত?

১৪। যদি একটি বৃত্তচাপ 28 সে.মি. দীর্ঘ ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কেন্দ্রে 45^o কোণ উৎপন্ন করে, তবে বৃত্তচাপটির দৈর্ঘ্য নির্ণয় কর।

১৫। একটি বালক সাইকেলে চড়ে বৃত্তাকার পথে 2 সেকেন্ডে একটি বৃত্তচাপ অতিক্রম করে। যদি চাপটি কেন্দ্রে 28^o কোণ উৎপন্ন করে এবং বৃত্তের ব্যাস 180 মিটার হয়, তবে বালকটির গতিবেগ কত?


১৬। পৃথিবী থেকে সূর্যের দূরত্ব 14.9×10^7 কিলোমিটর এবং পৃথিবীর কেন্দ্রবিন্দুতে সূর্যের ব্যাস $32'$ কোণ উৎপন্ন করে; সূর্যের ব্যাস কত?

১৭। পৃথিবীর ব্যাসার্ধ 6440 কিলোমিটার হলে পৃথিবীর উপরের যে দুইটি স্থান কেন্দ্রে $32''$ কোণ উৎপন্ন করে তাদের দূরত্ব কত?

১৮। 540 কিলোমিটার দূরে একটি বিন্দুতে কোনো পাহাড় $7'$কোণ উৎপন্ন করলে পাহাড়টির উচ্চতা কত?

৮.৭। ত্রিকোণমিতিক অনুপাতসমূহ

(ক) আমরা জানি যে, সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাতসমূহ নিম্নোক্তভাবে বর্ণনা করা হয় :
অতিভুজ OP বিশিষ্ট POM সমকোণী ত্রিভুজে θ কোণের ছয়টি ত্রিকোণমিতিক অনুপাত হল –




$\sin\theta = \frac{PM}{OP} = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$, $\text{cosec}\theta = \frac{OP}{PM} = \frac{\text{অতিভুজ}}{\text{লম্ব}}$

$\cos\theta = \frac{OM}{OP} = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}}$, $\sec\theta = \frac{OP}{OM} = \frac{\text{অতিভুজ}}{\text{ভূমি}}$

$\tan\theta = \frac{PM}{OM} = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}}$, $\cot\theta = \frac{OM}{PM} = \frac{\text{ভূমি}}{\text{লম্ব}}$

(খ) যেকোনো কোণের জন্য এরূপ ত্রিকোণমিতিক অনুপাত সংজ্ঞায়িত করার জন্য কোণটির প্রমিত বা আদর্শ অবস্থান (standard position) বিবেচনা করতে হয়। স্থানাঙ্কায়িত সমতলের মূলবিন্দুতে ধনাত্মক x-অক্ষকে আদি রশ্মি করে কোণটি অঙ্কন করা হলেই তার প্রমিত অবস্থান পাওয়া যায়। মনে করি, θ একটি ত্রিকোণমিতিক কোণ।

মনে করি, X´OX রেখা x অক্ষ, Y´OY রেখা y অক্ষ এবং O বিন্দু মূলবিন্দু। মনে করি, ধনাত্মক x অক্ষ অর্থাৎ OX রশ্মি থেকে শুরু করে যথাযথ দিকে ও পরিমাণে ঘুরে ঘূর্ণায়মান রশ্মির OA অবস্থানে θ কোণ রেখা উৎপন্ন হয়েছে। এখানে, OX কোণটির আদি বাহু (initial side) এবং OA প্রান্তিক রশ্মি (terminal side)। প্রান্তিক বাহু OA এ মূলবিন্দু থেকে ভিন্ন কোনো বিন্দু P নিই। মনে করি, উভয় অক্ষে একই একক সাপেক্ষে P এর স্থানাঙ্ক (x, y) এবং $|OP| = r = \sqrt{x^2 + y^2}$ । তাহলে θ কোণের ত্রিকোণমিতিক অনুপাতসমূহ হচ্ছে :



$\text{sine}\,\theta = \sin\theta = \frac{y}{r}$

$\text{cosine}\,\theta = \cos\theta = \frac{x}{r}$

$\text{tangent}\,\theta = \tan\theta = \frac{y}{x}$ (যদি $x \neq 0$ হয়)

$\text{cotangant}\,\theta = \cot\theta = \frac{x}{y}$ (যদি $y \neq 0$ হয়)


$\text{secant}\,\theta = \sec\theta = \frac{r}{x}$ (যদি $x \neq 0$ হয়)

$\text{cosecant}\,\theta = \text{cosec}\,\theta = \frac{r}{y}$ (যদি $y \neq 0$ হয়)

দ্রষ্টব্য ১। উপরের বর্ণনায় P বিন্দু O বিন্দু থেকে ভিন্ন বলে $r = |OP| > 0|$ সেজন্য $\sin\theta$ ও $\cos\theta$ সবসময়ই অর্থবহ। প্রান্তিক বাহু OA যদি y অক্ষের উপর থাকে তবে $x = 0$ হয়, কারণ y অক্ষের উপর অবস্থিত যেকোনো বিন্দুর x স্থানাঙ্ক এরূপ কোণের জন্য $\tan\theta$ ও $\sec\theta$ সংজ্ঞায়িত নয়। প্রান্তিক বাহু OA যদি x অক্ষের উপর থাকে তবে $y = 0$ হয়, কারণ x অক্ষের উপর অবস্থিত যেকোনো বিন্দুর স্থানাঙ্ক 0; এরূপ কোণের জন্য $\cot\theta$ ও $\text{cosec}\,\theta$ সংজ্ঞায়িত নয়।

দ্রষ্টব্য ২। প্রান্তিক বাহু OA এর $P(x, y)$ বিন্দু ছাড়া অন্য একটি বিন্দু $P_1\ (x_1, y_1)$ নিয়ে এবং P ও P_1 থেকে x অক্ষের উপর PM ও P_1M_1 লম্ব টেনে দেখা যায় যে, ΔOPM ও ΔOP_1M_1 সদৃশ।

সুতরাং $\frac{OM}{OM_1} = \frac{PM}{P_1M_1} = \frac{OP}{OP_1}$




অর্থাৎ, $\frac{|x|}{|x_1|} = \frac{|y|}{|y_1|} = \frac{r}{r_1}$ যেখানে $OP = r$, $OP_1 = r_1$ তদুপরি x ও x_1 একই চিহ্নযুক্ত এবং y ও y_1 একই চিহ্নযুক্ত।

অতএব $\frac{x}{x_1} = \frac{y}{y_1} = \frac{r}{r_1}$,

সুতরাং $\sin\theta = \frac{y}{r} = \frac{y_1}{r_1}$, $\cos\theta = \frac{x}{r} = \frac{x_1}{r_1}$, $\tan\theta = \frac{y}{x} = \frac{y_1}{x_1}$, ইত্যাদি। অর্থাৎ, ত্রিকোণমিতিক অনুপাতসমূহের মান প্রান্তিক রশ্মি OA এর নির্বাচিত বিন্দু P এর উপর নির্ভর করে না।

দ্রষ্টব্য ৩। প্রত্যেক ত্রিকোণমিতিক অনুপাত একটি বাস্তব সংখ্যা।

দ্রষ্টব্য ৪। θ সূক্ষ্মকোণ হলে প্রমিত অবস্থানে এর প্রান্তিক বাহু OA প্রথম চতুর্ভাগে পড়ে এবং $\theta = \angle XOA$ হয়। OA বাহুতে যেকোনো বিন্দু $P(x, y)$ নিয়ে এবং P থেকে OX এর উপর PM লম্ব টেনে দেখা যায় যে, $OM = x$, $PM = y$।
সুতরাং $OP = r$ ধরে (ক) ও (খ) থেকে θ কোণের অনুপাতগুলোর একই মান পাওয়া যায়।



৮.৮। ত্রিকোণমিতিক অনুপাতগুলোর পারস্পরিক সম্পর্ক

পূর্ব অনুচ্ছেদে বর্ণিত সংজ্ঞা থেকে দেখা যায় যে,

$$\sin\theta = \frac{1}{\text{cosec}\theta} \qquad \text{cosec}\theta = \frac{1}{\sin\theta}$$

$$\cos\theta = \frac{1}{\sec\theta} \qquad \sec\theta = \frac{1}{\cos\theta}$$

$$\tan\theta = \frac{1}{\cot\theta} \qquad \cot\theta = \frac{1}{\tan\theta}$$

যখন সমতাগুলোর উভয় পক্ষ অর্থবহ হয়।

ত্রিকোণমিতিক অনুপাত সংক্রান্ত সহজ অভেদাবলী

(i) $\sin^2\theta + \cos^2\theta = 1$

পূর্ব অনুচ্ছেদ থেকে, $\sin\theta = \frac{y}{r}$, $\cos\theta = \frac{x}{r}$

$$\therefore \sin^2\theta + \cos^2\theta = \frac{y^2}{r^2} + \frac{x^2}{r^2} = \frac{x^2+y^2}{r^2} = \frac{r^2}{r^2} = 1$$

$$\therefore \sin^2\theta + \cos^2\theta = 1$$


ফলে $1 - \cos^2\theta = \sin^2\theta$ এবং $1 - \sin^2\theta = \cos^2\theta$

অনুরূপভাবে প্রমাণ করা যায় যে,

(ii) $1 + \tan^2\theta = \sec^2\theta$

(iii) $1 + \cot^2\theta = \text{cosec}^2\theta$.


৮.৯। ত্রিকোণমিতিক অনুপাতের চিহ্নের চতুর্ভাগ নিয়ম



উপরের চিত্রে, XOX′ এবং YOY′ অক্ষদ্বয় স্থানাঙ্কায়িত সমতলকে চারটি চতুর্ভাগে ভাগ করেছে। এদের ক্রম সম্পর্কে ইতোপূর্বে আলোচনা করা হয়েছে। আদি অবস্থান OX থেকে একটি রশ্মি OA এর ঘূর্ণনের ফলে তার বিভিন্ন প্রান্তিক অবস্থানের উপর উৎপন্ন কোণের পরিমাণ নির্ভর করে। মনে করি, OA এর উপর যেকোনো P বিন্দুর স্থানাঙ্ক (x, y) এবং $OP = r$. প্রান্তিক বাহু OA এর এবং সেই সঙ্গে P বিন্দুর বিভিন্ন চতুর্ভাগে অবস্থান পরিবর্তনের সঙ্গে x, y এর চিহ্ন পরিবর্তন হলেও r কে সব সময়ই ধনাত্মক ধরা হয়।

যখন OP রশ্মি প্রথম চতুর্ভাগে অবস্থান করে, তখন x, y, r সকলেই ধনাত্মক। সুতরাং তাদের সকল অনুপাত ধনাত্মক। তাই প্রথম চতুর্ভাগে অবস্থিত কোণের সকল ত্রিকোণমিতিক অনুপাত ধনাত্মক। যখন OP রশ্মি দ্বিতীয় চতুর্ভাগে অবস্থান করে, তখন x ঋণাত্মক, y এবং r ধনাত্মক। সুতরাং দ্বিতীয় চতুর্ভাগে অবস্থিত কোণের x বর্জিত অনুপাত অর্থাৎ sin ও cosec অনুপাত দুইটি ধনাত্মক, অন্যান্য সব অনুপাত ঋণাত্মক। যখন OP রশ্মি তৃতীয় চতুর্ভাগে অবস্থান করে, তখন x, y উভয়েই ঋণাত্মক এবং r ধনাত্মক। সুতরাং তৃতীয় চতুর্ভাগে অবস্থিত কোণের tan ও cot অনুপাত দুইটি ধনাত্মক, অন্যান্য সব অনুপাত ঋণাত্মক। যখন OP রশ্মি চতুর্থ চতুর্ভাগে অবস্থান করে তখন y ঋণাত্মক, x ও r ধনাত্মক। সুতরাং চতুর্থ চতুর্ভাগে অবস্থিত কোণের cos এবং sec অনুপাত দুইটি ধনাত্মক, অন্যান্য সব অনুপাত ঋণাত্মক।

উপরোক্ত আলোচনার সারাংশ নিম্নের চিত্রে দেখান হল : এর সাহায্যে কোনো কোণের প্রান্তিক রশ্মির অবস্থানের উপর নির্ভর করে তার ত্রিকোণমিতিক অনুপাতের চিহ্ন নির্ণয় সহজ হবে।



৮.১০। কতিপয় বিশেষ কোণের ত্রিকোণমিতিক অনুপাত

মাধ্যমিক জ্যামিতির দ্বাদশ অধ্যায়ের সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাতের আলোচনায় আমরা দেখেছি যে,

(ক) 30° বা $\frac{\pi}{6}$ কোণের অনুপাতসমূহ :

$\sin 30^\circ = \sin\frac{\pi}{6} = \frac{1}{2}$


$\cos 30^\circ = \cos\frac{\pi}{6} = \frac{\sqrt{3}}{2}$

$\tan 30^\circ = \tan\frac{\pi}{6} = \frac{1}{\sqrt{3}}$

$\cot 30^\circ = \cot\frac{\pi}{6} = \sqrt{3}$

$\sec 30^\circ = \sec\frac{\pi}{6} = \frac{2}{\sqrt{3}}$

